দ্বিতীয় সন্তানের বাবা হলেন সাংবাদিক বাদল

দ্বিতীয় বারের মত সন্তানের বাবা হলেন সাংবাদিক দর্শনা আজিমপুরের আফজালুল হক বাদল। সোমবার সকাল ১০ টায় দর্শনার একটি ক্লিনিকে সিজারিয়ানের মাধ্যমে কন্যা সন্তানের জন্ম হয়।

এ সন্তানের জন্ম হওয়ায় দ্বিতীয় বারের মত দ্বিতীয় কন্যা সন্তানের বাবা হলেন চ্যানেল এস এর জেলা প্রতিনিধি এবং মেহেরপুর প্রতিদিন প্রত্রিকার দর্শনা প্রতিনিধি সাংবাদিক আফজালুল হক বাদল।

বাদল জানায়, তার নবজাতক কন্যা ও স্ত্রী মিতুয়ারা আল্লাহর রহমতে দু’জনেই সুস্থ আছেন।

তিনি পরিবারের নতুন অতিথি এবং পরিবারের সকলের জন্য দোয়া চেয়েছেন।

মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক কে গার্ড অফ অনার প্রদান শেষে দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক কে গার্ড অব অনার প্রদান শেষে দাফন করা হয়েছে। সোমবার রাত সাড়ে ৯ টার সময় আনন্দবাস দক্ষিনপাড়া খেলার মাঠে গার্ড অব অনার প্রদান করা হয়।

এর আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহন করেন।

এ সময় মুজিবনগর উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জিয়াউদ্দীন বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম , বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন ও আব্দুর রব উপস্থিত ছিলেন।

গার্ড অব অনারের সময় উপস্থিত কর্মকর্তা ও মুক্তিযোদ্ধাবৃন্দ মৃত বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক এর মরদেহ জতীয় পতাকা দিয়ে আচ্ছাদন করে সন্মান প্রদর্শন করেন। পরে পুলিশের একটি চৌকষ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন। গার্ড অব অনার শেষে আনন্দবাস দক্ষিন পাড়া কবস্থানে তার লাশ দাফনের করা হয়।

উল্লেখ্য, মুজিবনগর উপজেলার বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক (৬৮) দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। সোমবার সন্ধা সাড়ে ৬ টার দিকে বার্ধক্যজনিত কারনে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। বীর মুক্তিযোদ্ধা কামাল উদ্দীন মালিথা মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের মৃত,খটায় মল্লিক এর ছেলে। মৃত্যুকালে তিনি ৪ সন্তানসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র পূর্নাঙ্গ কমিটি গঠন

ঝিনাইদহের কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপি’র ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। গত রবিবার জেলা বিএনপির কার্যালয়ে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা প্রকাশ ও হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিতা হয়।

গত ২২ মার্চ বিএনপির সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম মঞ্জু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, সহঃ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু, জাতীয় নির্বাহী কমিটির সহঃ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুলের উপস্থিতিতে থানা ও পৌর বিএনপি’র দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে উপজেলা বিএনপি’র সভাপতি নির্বাচিত হন অধ্যাপক আব্দুর

রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক হারুন-অর-রশিদ। এছাড়া কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি নির্বাচিত হন এস.কে.এম সালাহউদ্দীন বুলবুল সিডল, সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু।

সম্মেলনে ১শ’ ১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির নামের তালিকা রোববার (১৯ সেপ্টেম্বর) জেলা বিএনপির পক্ষ থেকে হস্তান্তর করা হয়। এসময় উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক এ্যাডঃ এস এম মশিয়ুর রহমান, সদস্য সচিব এ্যাড. এম.এ মজিদ , ঝিনাইদহ পৌর শাখার আহ্বায়ক আব্দুল মজিদ বিশ্বাস।

এসময় উপজেলা বিএনপি’র যুগ্ন-সাধারন সম্পাদক হুমায়ন কবির মিলন, যুব বিষয়ক সম্পাদক আশরাফুজ্জামান খাঁন মুকুল, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, পৌর বিএনপির যুব বিষয়ক সম্পাদক ফয়েজ আহমেদ তুফান, উপজেলা বিএনপি’র দফতর সম্পাদক শহিদুল ইসলাম ভূইয়া উপস্থিত ছিলেন।

জীবননগর থানার ওসি সাইফুল ইসলামকে বিদায় সংবধনা প্রদান

জীবননগর থানার চৌকস অফিসার ইনচাজ (ওসি)মোঃ সাইফুল ইসলামকে বিভিন্ন সমাজিক,রাজনৈতিক ও সেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে বিদায় সংবধনা প্রদান করা হয়েছে।

সোমবার বিকাল ৫টার সময় জীবননগর থানার আয়োজনে জীবননগর থানার (ওসি)তদন্ত মারুফ হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্তিত থেকে বিদায়ী অফিসার ইনচাজকে সম্মননা স্বারক প্রদান করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আব্দুল লতিফ অমল,জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু,জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক

জামাল হোসেন খোকন,সাংবাদিক মিঠুন মাহমুদ ,মাজেদুল মিল্টন, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান জীবননগর থানার সকল কমকতাগন উপস্থিত ছিলেন।

একই দিনে জীবননগর সাংবাদিক সমিতির আয়োজনে সাংবাদিক সমিতির কাযলয়ে ওসি সাইফুল ইসলামকে বিদায় সম্মননা প্রদান করা হয় ।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর সাংবাদিক সমিতির উপদেষ্ঠা ও সাপ্তাহিক জীবননগর বাতার সম্পাদক শামসুল আলম, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু,সাধারন সম্পাদক জামাল হোসেন খোকন,এবং সন্ধার সময় জীবননগর সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার পক্ষ থেকে সম্মাননা স্বারক ক্রেস্ট প্রদান করা হয় একই সাথে জীবননগর বন্ধু ফাউন্ডেশনের আয়োজনে ওসি সাইফুল ইসলামকে বিদায়ী সম্মননা স্বারক প্রদান করা হয়।এ সময় উপস্থিত ছিলেন,জীবননগর বন্ধু ফাউন্ডেশনের সভাপতি মিঠুন মাহমুদ,এ আর ডাবলু,যুগ্ন সম্পাদক তুহিনুজ্জামান,লাবনী,ঐম্বয সাহা,সাকিব হাসনাত মুন প্রমুখ।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাস্টার প্যারেড ও অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা পুলিশের মাস্টার প্যারেড ও অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে চুয়াডাঙ্গা জেলায় বিভিন্ন ইউনিট ইনচার্জ ও অফিসার ফোর্সদের অংশগ্রহণে সাপ্তাহিক মাষ্টার প্যারেড অনুষ্ঠিত হয়।

এ সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম সুসজ্জিত অভিবাদন মঞ্চ থেকে সালামী গ্রহণ ও প্যারেড পরিদর্শন করেন । প্যারেডে অংশগ্রহণকারী অফিসার ফোর্সদের শারীরিক ফিটনেস ও টার্ন আউট এর উপর ভিত্তি করে জিএস (গুড সার্ভিস) মার্ক প্রদান করেন পুলিশ সুপারের কার্যালয় অবস্থিত কনফারেন্স রুমে দুপুর সাড়ে

বারোটার সময় আগস্ট মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অপরাধ পর্যালোচনা সভায় প্রত্যেক থানার অফিসার ইনচার্জদের থানাধীন এলাকায় ওয়ারেন্ট তামিল, রাত্রিকালীন ডিউটি, ভাড়াটিয়ার তথ্য এন্ট্রি ও আইন-শৃংখলা রক্ষাসহ অপ্রীতিকর ঘটনা রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করেন পুলিশ সুপার জাহিদুল ইসলাম ।

পর্যায়ক্রমে সকল অফিসার ফোর্সের ছুটি প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিট ইনচার্জকে নির্দেশ প্রদান করেন। পরিশেষে, সকলকে স্বাস্থ্যবিধি মেনে অর্পিত দায়িত্ব পালন করার আহ্বান জানান।

আলমডাঙ্গায় প্রণোদনার আওতায় সার ও বীজ বিতরণ

আলমডাঙ্গা কৃষি অফিসের উদ্যোগে চলতি ২০২১-২২ মৌসুমে নাবি-পাট বীজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা ও গ্রীষ্ম কালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষে প্রনোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও উপকরণ বিতরণের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

রবিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা কৃষি অফিসে এ বীজ ও সার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে আলমডাঙ্গা কৃষি কর্মকর্তা হোসেন শহিদ সরোওয়ারদীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইসচেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু। এছাড়াও অনুষ্টানে আরো উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, এস এম আলমগীর শফিউল্লাহ।

মুজিবনগরে নিখোঁজ হওয়ার ৬ ঘণ্টা পর স্কুল ছাত্রের মরদেহ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রাম সংলগ্ন ভৈরব নদীর সু্ইস গেটে তুলতে গিয়ে পানিতে ডুবে নিখোঁজ হওয়ার ৬ ঘণ্টা পর উৎস (১৫) নামের এক স্কুল ছাত্রের মরদেহ উদ্ধার করা হয়েছে।

উৎস হোসেন জেলার গাংনী উপজেলা শহরের বাসস্ট্যান্ড এলাকার ফজলুল হকের ছেলে ও স্থানীয় একটি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র।

শুক্রবার দিবাগত রাত ৮টার দিকে খুলনা থেকে আসা ডুবুরির একটিদল স্কুল ছাত্র উৎসের মরদেহ উদ্ধার করে। এর আগে দুপুর আড়াইটার দিকে রশিকপুর গ্রাম সংলগ্ন ভৈরব নদীর সুইচ গেটে ছবি তুলতে গিয়ে নদীর পানিতে পড়ে গিয়ে উৎস নিখোঁজ হয়।

ভৈরব নদীর পানিতে প্রায়ই ২ ঘণ্টা যাবত ফায়ার সার্ভিসের একাধিকদল তল্লাসি চালিয়ে স্কুল ছাত্র উৎসকে খুঁজে পেতে ব্যর্থ হয়। পরে খুলনা থেকে একটি ডুবুরিদল ওই নদীর পানিতে তল্লাসি চালিয়ে তার মরদেহ উদ্ধার করে।

দামুড়হুদা হাজী আলী আজগার টগর এমপি’র জন্মবার্ষিকী উদযাপন

দামুড়হুদায় আঃ রহমান জসিম ব্লাড ডোনেট ক্লাবের পক্ষে চুয়াডাঙ্গা
- ২ আসনের মাননীয় সাংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী আলী আজগার টগর (এমপি)’র জন্মবার্ষিকী পালন, আলোচনা সভা ও মাস্ক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে বুধবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা উপজেলা সদরের

ডাকবাংলো চত্বরে অনুষ্ঠানটির আয়োজন করেন প্রতিষ্ঠানটির পরিচালক প্রবাসী আব্দুল রহমান জসিম।

প্রতিষ্ঠানটির সাধারণ সম্পাদক মানিক হোসেনের সভাপতিত্বে জন্মবার্ষিকী পালনে আলোচনা সভা ও মাস্ক বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ৩০ পাউন্ড কেকে কেটে অনুষ্ঠানটির সূচনা করা হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলার কৃষক সংগঠন (সিআইজি) সভাপতি সামসুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাকিব ফাউন্ডেশন এর পরিচালক আরজু আহাম্মেদ রাকিব। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রলীগের নাহিদ, শিপন, রকিবুল, পারভেজ, সবুজ, পরশ, রুহান, আইনাল, লাবীব, শামীম, মুন্না, জুনাইদ, অন্তর, ঐশিক, অভি, তুষার,ইব্রাহীম, আতিয়ার, মহসিন, হাসিব, পাপ্পু, বিপ্লব, আলামিন।

অনুষ্ঠানে প্রধান অতিথি সামসুল ইসলাম তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, মাননীয় সাংসদ সদস্য হাজী আলী আজগার টগর এমপি’র রাজনৈতিক পরিবারে জন্ম হওয়ায় ছাত্রজীবন থেকেই তিনি প্রত্যক্ষভাবে রাজনীতির সঙ্গে জড়িত। তিনি ছাত্রলীগের রাজনীতিতে সক্রিয় ছিলেন। জনপ্রিয়তার কারণে আমাদের নির্বাচনী এলাকা চুয়াডাঙ্গা -২(দামুড়হুদা – জীবননগর) আসনে টানা তিন বারের মতো সাংসদ সদস্য এমপি নির্বাচীত হয়েছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি আরজু আহাম্মেদ রাকিব বলেন,মাননীয় সাংসদ সদস্য’র দুরদর্শী নেতৃত্ব ও সুদুর প্রসারী কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের মধ্য দিয়ে তিনি তার নির্বাচনী এলাকা চুয়াডাঙ্গা- ২ আসনকে সার্বিক উন্নয়নে এগিয়ে নিয়ে যাচ্ছেন। অনুষ্ঠান শেষে হাজী আলী আজগার টগর এমপি’র জন্মবার্ষিকী উদযাপন পালন, আলোচনা সভা ও করোনা সংক্রমণ প্রতিরোধে উপজেলা সদরের বিভিন্ন স্থানে পথচারী, ভ্যান ও অটো চালকদের মধ্যে প্রায় দু শতাধিক মাস্ক বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে র্যাবের হাতে ওয়ারেন্টভুক্ত সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার শেখপাড়া বিন্নী এলাকা হতে ওয়ারেন্টভুক্ত ১ জন পলাতক সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

বুধবার র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৪ সেপ্টেম্বর রাত ২টার সময় র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানার পারি: জারী- ৮/১৯ এর ধারা ১৬ (৩) বিঃ এর একজন পলাতক সাজাপ্রাপ্ত আসামী আত্মগোপনে রয়েছে।

উক্ত সংবাদের সত্যতা যাচাই ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন শেখপাড়া বিন্নী এলাকায় অভিযান পরিচালনা কালে র্যাবের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে কৌশলে পালানোর চেষ্টাকালে উপজেলারশেখপাড়া বিন্নী গ্রামের গনজের শেখের ছেলে আসামী মোঃ মফিজুর রহমান (২০) কে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীকে হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

স্বাধীনতার ৫০ বছরেও স্বীকৃতি পাননি মুক্তিযোদ্ধা বদর উদ্দিন শেখ

দেশ স্বাধীনের ৫০ বছর পার হলেও মন্ত্রনালয়ের গেজেটে নাম আসে নি সাহসী যোদ্ধা বদর উদ্দিন শেখের। মুক্তিযোদ্ধার স্বীকৃতি না পাওয়ায় বঞ্চিত হচ্ছেন সব ধরনের সুযোগ সুবিধা থেকে।

জীবনের শেষ সময়ে এসে একজন দেশপ্রেমিক হিসেবে তালিকায় নিজের নাম দেখতে চান দেশ মাতৃকার টানে ঝাঁপিয়ে পড়া এই মুক্তিযোদ্ধা।

তিনি হলেন কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার মৃত্তিকাপাড়া গ্রামের গণিরুদ্দিন শেখের ছেলে মোঃ বদর উদ্দিন শেখ। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে ৮নং সেক্টরের গেরিলা কমান্ডার মীর শহীদুল হকের সাথে ভারতের চাকুলিয়া থেকে উচ্চ প্রশিক্ষণও গ্রহণ করেন তৎকালীন ১৯ বছর বয়সী এই যুবক।

তার সহযোদ্ধা ছিলেন আকবর আলী (মুক্তিবার্তা নং- ০৩০৩০১০৪৫৫), সেরাজুল ইসলাম (মুক্তিবার্তা নং-০৪১১০১০০৭৩), নুর মোহাম্মদ আলী (জাপান) (মুক্তিবার্তা নং-০৪১১০১০২২০)। তবে মোহাম্মদ আতাউল গণি ওসমানী স্বাক্ষরিত স্বাধীনতা সংগ্রামের সনদপত্র রয়েছে তার কাছে।

জীবন যুদ্ধে পরাজিত বীর মুক্তিযোদ্ধা বদর উদ্দিন শেখের নাম গেজেটভুক্ত করার দাবি জানান সহযোদ্ধারা। প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন (ম্যালেশিয়া নং-১১৯৭২) ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের সচিব বরাবর আবেদন করার পরেও অজানা কারণে সুফল পান নি তিনি।

জীবন সায়াহ্নে এসে এখনও তিনি কেবলমাত্র বীর মুক্তিযোদ্ধার স্বীকৃতি চান তিনি। এজন্য তিনি বিভিন্ন দ্বারে দ্বারে ঘুরেও সুফল পাননি। সর্বশেষ গতকাল তিনি কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে দেখা করেন।

তবে সেখান থেকে কেবল জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় এ আপিল করার জন্য একটি ফরম পান। জীবনের শেষ প্রান্তে এসে স্ত্রী-সন্তানের কথা বিবেচনা করে প্রধানমন্ত্রী ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের সুদৃষ্টি কামনা করেন বদর উদ্দিন শেখ।